গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০২৬.২২-১৬৮-৩(৭৬)

তারিখ ০৬ ভাদ্র ১৪২৯ / ২১ সেপ্টেম্বর ২০২২

**বিষয়ঃ- কারাগারসমূহে বন্দী মৃত্যু সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে**

লক্ষ্য করা যাচ্ছে যে, সাম্প্রতিককালে কারাগারসমূহে চিকিৎসক ও চিকিৎসা সংশ্লিষ্টদের যথাসময়ে কর্মস্থলে উপস্থিত না হওয়া, সময়োচিত পদক্ষেপ গ্রহণ না করা, কর্তব্যে উদাসীনতা প্রভৃতি বিভিন্ন কারণে বন্দী মৃত্যুর হার ক্রমান্বয়ে বেড়ে যাচ্ছে। কারা অধিদপ্তর থেকে এ বিষয়ে বার বার নির্দেশনা থাকা সত্ত্বেও তা প্রতিপালিত হচ্ছে না যা মোটেও কাম্য নয়। অধিকন্তু এ বিষয়ে উপযুক্ত তত্ত্বাবধান ও নির্দেশনার অভাব পরিলক্ষিত হচ্ছে।

এমতাবস্থায়, কারাগারসমূহে আটক অসুস্থ বন্দিদের সুচিকিৎসা প্রদান, জরুরি প্রয়োজনে হাসপাতালে প্রেরণ, তাৎক্ষনিক সিদ্ধান্ত গ্রহণ এবং এ সংক্রান্ত অধিদপ্তরের সকল নির্দেশনা কঠোরভাবে প্রতিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

**বিষয়টি অতীব জরুরি হিসেবে গণ্য করার জন্য অনুরোধ করা হলো।**

২১/৯/২২

মোঃ আবরার হোসেন
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ৫৭৩০২২২ (দপ্তর)
addi.ig@prison.gov.bd

কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ

অনুলিপি কার্যার্থেঃ

সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।